কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খলিলুর রহমানের দাফন সম্পন্ন

কানাইঘাট প্রতিনিধি: সিলেটের মৌলভীবাজার জেলার সাবেক ভারপ্রাপ্ত শিক্ষা অফিসার ও ঐতিহ্যবাহী কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খলিলুর রহমানের জানাজার নামাজ আজ শনিবার বাদ যোহর কানাইঘাট পুরাতন থানা জামে মসজিদ মাঠে সম্পন্ন হয়েছে। জানাজা নামাজ শেষে থানা গোরস্থানে তার লাশ দাফন করা হয়। জানাজার নামাজ পূর্বে খলিলুর রহমানের স্মৃতিচারণ করে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, সাবেক সংসদ সদস্য মাও. ফরিদ উদ্দিন চৌধুরী, কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের সাবেক সহকারী শিক্ষক নুরুল আম্বিয়া চৌধুরী, রামিজা বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মামুন আহমদ, পৌরসভার ৩নং ওয়ার্ডের কাউন্সিলর বিলাল আহমদ, উমরগঞ্জ মাদ্রাসার মুহতামিম হাফিজ আফতাব আহমদ, খলিলুর রহমানের ভাতিজা এম. এ লতিফ।

জানাজার নামাজে কানাইঘাট সার্কেলের সিনিয়র এএসপি আব্দুল করিম সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, পেশাজীবি সংগঠনের নেতৃবৃন্দ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি, মরহুমের সহকর্মী, শিক্ষকবৃন্দ ও খলিলুর রহমানের হাতেগড়া কানাইঘাট সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী সহ হাজারো মানুষ শরীক হন।

সমাজসেবী সাবেক শিক্ষা অফিসার অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক সিলেট শহরের টিলাগড় এলাকায় স্বপরিবার নিয়ে বসবাসরত খলিলুর রহমান (৮০) কয়েকদিন পূর্বে গুরুতর অবস্থায় অসুস্থ হয়ে পড়লে তাকে সজ্ঞাহীন অবস্থায় সিলেট রাগীব রাবেয়া মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। গত শুক্রবার রাত ৯টার দিকে সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। পরে তাঁর লাশ কানাইঘাট পৌরসভার নন্দিরাই গ্রামের নিজ বাসায় নিয়ে আসা হয় এবং জানাজার নামাজ শেষে আজ শনিবার তাকে দাফন করা হয়। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে ও ৩ মেয়ে সহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। কানাইঘাট সদর ইউনিয়নের বীরদল আগফৌদ গ্রাম নিবাসী খলিলুর রহমান একজন শিক্ষাবিদ ছিলেন। কয়েকটি

বইয়ের লেখক ছিলেন তিনি। দীর্ঘদিন কানাইঘাট পুরাতন থানা জামে মসজিদের মুতয়াল্লীও ছিলেন তিনি।